



বীজআলু বিপণনের বিজ্ঞপ্তি

বীজ বিতরণ বিভাগ, বিএডিসি, ঢাকার ১৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ১২.০৬.০০০০.২৭৫.৯৯.৩০২.২৬.৪৮৯ স্মারক মূলে সিলেট অঞ্চলের অঞ্চলে বিপণনের জন্য বারি আলু৭ (ডায়মন্ট) প্রত্যায়িত শ্রেণির ১০০.০০০ মে.টন, বারি আলু২৫ (এস্টারিক্স) প্রত্যায়িত শ্রেণির ৩০.০০০ মে.টন ও বিএডিসি আলু ১ (সানসাইন) প্রত্যায়িত শ্রেণির ৩০.৩০৪ মে.টনসহ মোট: ১৬০.৩০৪ মে.টন বীজআলুর বরাদ্দ পাওয়া গেছে। বিএডিসি'র নিবন্ধিত আত্মহী বীজ ডিলার এবং সাধারণ চাষীদের নিকট অগ্রিম ক্রয়ের দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

সিলেট অঞ্চলের আত্মহী বীজ ডিলার'গণ ২৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তর,বিএডিসি, কদমতলী, সিলেটে আবেদন গ্রহণ করা হবে।

সদর দপ্তরের সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা অনুযায়ী বরাদ্দকৃত সকল জাতের ৮০% বা ১২৮.৩০৪ মে.টন বীজআলু সিলেট অঞ্চলের আত্মহী ডিলারের মধ্যে, ১০% বা ১৬.০০০ মে.টন বীজআলু কৃষকের নিকট সরাসরি, ৮% বা ১২.৮০০ মে.টন বীজআলু হিমাগার পয়েন্ট থেকে ও ২% বা ৩.২০০ মে.টন বীজআলু অনলাইনে যোগাযোগের মাধ্যমে বিক্রয় করা হবে।

বীজ ডিলার'গণ কমপক্ষে ৫.০০০ (পাঁচ) মে.টন বীজআলুর জন্য আবেদন করতে পারবেন। আবেদনের সাথে বীজআলুর মূল বাবদ “বীজ আলু ও আলু বীজ প্রাপ্তি হিসাব নং-৫৬৩১৭০৩০০০০২৭” সোনালী ব্যাংক পিএলসি, টিলাগড় শাখা, সিলেট শিরোনামে কমপক্ষে ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকার ব্যাংক পে-অর্ডার/ডিডি মাধ্যমে জমা দিবেন। আবেদন পত্রের সাথে হালনাগাদ নবায়ন করা লাইসেন্সের ফটোকপি জমা দিতে হবে।

চাষি/প্রতিষ্ঠান ন্যূনতম ৪৮০ (চারশত আশি) কেজি বীজ আলুর জন্য আবেদন করতে পারবেন। আবেদনের সাথে বীজআলুর মূল্য বাবদ “বীজ আলু ও আলু বীজ প্রাপ্তি হিসাব নং-৫৬৩১৭০৩০০০০২৭” সোনালী ব্যাংক পিএলসি, টিলাগড় শাখা,সিলেট শিরোনামে কমপক্ষে ১৩,৪৪০/- (তের হাজার চারশত চল্লিশ) টাকার ব্যাংক পে-অর্ডার/ডিডি জমা দিবেন। এছাড়া তিনি যে প্রকৃত আলু চাষী এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তার প্রত্যয়নপত্র সংযুক্ত করবেন। অন্যথায় তার আবেদন বিবেচনা করা হবে না।

১৫ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত সকল শ্রেণির বীজআলু অগ্রিম ক্রয়ে কেজি প্রতি ০১ (এক) টাকা ছাড় প্রদান করা হবে।

বিএডিসি মালতি হিমাগার,ধনবাড়ি,টাঙ্গাইল থেকে বারি আলু৭ (ডায়মন্ট) ও বিএডিসি হিমাগার,শ্রীমঙ্গল থেকে বারি আলু২৫ (এস্টারিক্স) ও বিএডিসি আলু ১ (সানসাইন) বীজ আলু সরবরাহ নিতে হবে।

বীজ ডিলার/ক্রেতাকে বীজ সরবরাহ প্রাপ্তির সঙ্গে সঙ্গে নিজ খরচে তাদের বীজ নিয়ে হিমাগার প্রাপ্তন ত্যাগ করতে হবে। হিমাগার প্রাপ্তনে বীজ বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ এবং কোন ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট ডিলার/ক্রেতার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বীজ সরবরাহ নেয়ার পূর্বে যে কোন এক বা একাধিক বস্তার মূখ খুলে বীজের গুণাগুণ সম্পর্কে ক্রেতাগণ নিশ্চিত হবেন। বীজ সরবরাহ নেয়ার পর বীজ সম্পর্কে কোন অভিযোগ বা আপত্তি গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে না।

বিএডিসি'র হিমাগার হতে বীজআলু উত্তোলন করে আনার পর বীজ ডিলার'গণ নিজ উদ্যোগে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা কৃষি কর্মকর্তাকে ৭২ ঘণ্টার মধ্যে বীজের Arrival report প্রদান পূর্বক বীজ বিক্রয় শুরু করবেন।

মহাব্যবস্থাপক(বীজ),বিএডিসি ঢাকা মহোদয়ের স্মারক নং ১২.০৬.০০০০.২৭৫.৯৯.২৯৯.২৬.৪৮৬ তারিখ ১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. মোতাবেক বরাদ্দকৃত বীজআলু নিম্নবর্ণিত সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা:

ছক-‘ক’ চলতি মৌসুমের সকল জাতের ৮০% বীজআলু বিক্রি:

ক্র: নং	বিষয়	বীজআলু বিক্রি নির্ধারিত সময়	মন্তব্য
১	বীজ ডিলার মিটিং এবং স্থানীয় বিভিন্ন দপ্তরসমূহকে অবহিতকরণ	১৭-১৯ সেপ্টেম্বর ২০২৬	
২	অঞ্চলের সকল ডিলারদের মাঝে সমহারে বরাদ্দ	২০-২৭ সেপ্টেম্বর ২০২৬	
৩	‘Seed Without Region’ এর আওতায় সারা দেশের বীজ ডিলারদের জন্য উন্মুক্তকরণ	২৮ সেপ্টেম্বর-শেষ না হওয়া পর্যন্ত	

চলমান পাতা-২

ছক-‘খ’ চহিদাজনক জাতের ১০% বীজআলু কৃষকের নিকট সরাসরি বিক্রি:

ক্র: নং	বিষয়	বীজআলু বিক্রি নির্ধারিত সময়	মন্তব্য
১	কৃষক পর্যায়ে বীজআলু বিক্রি	০১ অক্টোবর - ২২ নভেম্বর	
২	কৃষক কর্তৃক উত্তোলনের পর (যদি থাকে) ডিলারদেও মাঝে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে বিক্রি শুরু	২৩ নভেম্বর - শেষ না হওয়া পর্যন্ত	


ছক-‘গ’ সকল জাতের ০৮% বীজআলুর হিমাগার পয়েন্ট থেকে বিক্রি:

ক্র: নং	বিষয়	বীজআলু বিক্রি নির্ধারিত সময়	মন্তব্য
১	যে কোন ডিলার/কৃষক/প্রতিষ্ঠানের মাঝে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে বিক্রি	২০ সেপ্টেম্বর-শেষ না হওয়া পর্যন্ত	

ছক-‘ঘ’ সকল জাতের ০২% বীজআলু অনলাইনে যোগাযোগের মাধ্যমে বিক্রি:

ক্র: নং	বিষয়	বীজআলু বিক্রি নির্ধারিত সময়	মন্তব্য
১	যে কোন ডিলার/কৃষক/প্রতিষ্ঠানের মাঝে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে বিক্রি	২০ সেপ্টেম্বর-শেষ না হওয়া পর্যন্ত	

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৯৪ এর উপ-ধারা (৩) অনুযায়ী বীজ ডিলারের নিকট বিক্রয় মূল্যের উপর সরকার নির্ধারিত হারে উৎসে আয়কর প্রযোজ্য হবে।

 ২০/১০/২০২৩

(মো: হুমায়ুন কবীর)

(পরিচিতি নম্বর: ০২০২১৩)

উপপরিচালক (বীজ বিপণন)

বিএডিসি, সিলেট।

মোবাইল: +৮৮০১৯৯৮-৭৭১৩৬০

স্মারক নং-১২.০৬.৯১০০.৬৭৫.০০০.৯৯.০০১৯.২৬.৬৬৭

তারিখ: ০৫ অক্টোবর ১৪৩৩
২০ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা
- ২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীজ বিতরণ/সিডিপি গ্রুপস), বিএডিসি, ঢাকা
- ৩। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, সিলেট বিভাগ, সিলেট
- ৪। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন), বিএডিসি, হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার
- ৫। গুদাম রক্ষক, আঞ্চলিক বীজ গুদাম, বিএডিসি, দেবপুর, সিলেট/উপজেলা বীজ বিক্রয় কেন্দ্র, বিএডিসি, কুলাউড়া, মৌলভীবাজার
- ৬। জনাব বীজ ডিলার, জেলা (সকল), সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার
- ৪। উপজেলা নির্বাহী অফিসার-..... (সকল), সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার জেলা
- ৫। উপজেলা কৃষি কর্মকর্তা-..... (সকল), সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার জেলা
- ৬। আঞ্চলিক বেতার কৃষি অফিসার, সিলেট।